পিআরসহ ৫ দফা বাস্তবায়নের দাবীতে ঝিনাইদহে জামায়াতের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

জুলাই সনদ বাস্তবায়ন, ফেব্রুয়ারির মধ্যে পিআর পদ্ধতিতে নির্বাচনসহ ৫ দফা দাবীতে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ হয়েছে। আজ শুক্রবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে জেলা জামায়াতের পক্ষ থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়।

মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত হয় সংক্ষিপ্ত সমাবেশ।
জেলা জামায়াতের সেক্রেটারি আব্দুল আওয়ালের সঞ্চালনায় সমাবেশে সভাপতিত্ব করেন, জেলা জামায়াতের আমীর অধ্যাপক আলী আজম মোহাম্মদ আবু বকর।

এ সময় বক্তব্য রাখেন, জেলা জামায়াতের নায়েবে আমীর আব্দুল আলিম, সহকারী সেক্রেটারি মাওলানা তাজুল ইসলাম, সহকারী সেক্রেটারি কাজী সগির আহমদ, শহর শাখা জামায়াতের আমীর অ্যাডভোকেট ইসমাইল হোসেন।

স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের রেখে যাওয়ার পদ্ধতিতে নির্বাচন সম্ভব নয় উল্লেখ করে বক্তারা জুলাই সদন বাস্তবায়ন করে আগামী ফেব্রুয়ারির মধ্যে পিআর পদ্ধতিতে নির্বাচনসহ কেন্দ্রীয় ঘোষিত ৫ দফা দাবী তুলে ধরেন। দাবী আদায় না হওয়া পর্যন্ত তাদের কর্মসূচী অব্যাহত থাকবে বলে সমাবেশ থেকে ঘোষণা দেওয়া হয়।

ঝিনাইদহে অস্বচ্ছল মানুষদের বস্ত্র ও অর্থ সহায়তা প্রদান

ঝিনাইদহে অস্বচ্ছল ও পিছিয়ে পড়া মানুষের মধ্যে বস্ত্র ও নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার সকালে সমাজ কল্যাণ

মন্ত্রণালয়ের সহযোগিতায় স্থানীয় গোল্ডেন ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন কার্যালয়ে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে হয়েছে।

গোল্ডেন ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক চন্দন বসু মুক্ত’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আলোচনা রাখেন জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক আবদুল কাদের।

বিশেষ অতিথি ছিলেন জেলা সমাজ সেবা কার্যালয়ের সহকারী পরিচালক মমিনুর রহমান, শহর সমাজ সেবা অফিসার আফাজ উদ্দীন, জেলা সমাজ সেবা কার্যালয়ের সমাজ সেবা অফিসার (রে:জি) হাসানুজ্জামান, জার্নালিস্ট ময়না খাতুন, শুশিল সমাজের প্রতিনিধি সাদ্দাম হোসেন, মো: সাবু, গোল্ডেন ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সমন্বয়কারী উজ্জ্বল কুমার চাকী, অফিস সেক্রেটারী নুসরাত জাহান মেঘলা, এপিও আনোয়ার হোসেন প্রমূখ।

আলোচনা শেষে প্রধান অতিথি জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক আবদুল কাদের সহ অতিথিগণ উপকারভোগীদের মাঝে ৫০টি শাড়ি ও ৫০ টি লুংগি এবং ১০ জন অস্বচ্ছল ও পিছিয়ে পড়া মানুষের মধ্যে বস্ত্র ও নগদ অর্থ সহায়তা প্রদান করেন।

ঝিনাইদহে মানবাধিকার পরিস্থিতি পর্যালোচনা বিষয়ক আলোচনা সভা

ঝিনাইদহের বর্তমান মানবাধিকার পরিস্থিতি নিয়ে পর্যালোচনা বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে শহরের কৃষ্ণনগর পাড়ার ওয়েলফেয়ার এফোর্টস (উই)’ সন্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা মানবাধিকার নেটওয়ার্কের সহসভাপতি এন এম শাহজালালের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের প্রকল্প সমন্বয়কারী মো.টিপু সুলতান, কনসালটেন্ট সৈয়দ রোকন উদ্দীন, ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন, ঝিনাইদহ বিসিকের উপ-মহাব্যবস্থাপক সেলিনা রহমান, পরিবার

পরিকল্পনার উপ-পরিচালক মোহাম্মদ মোজাম্মেল হক, ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর নির্বাহী পরিচালক শরিফা খাতুন, কমিটির যুগ্ম-আহবায়ক জাফর উদ্দীন রাজুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সভায় বিগত তিন মাসের জেলার অপরাধের পরিসংখ্যান চিত্র তুলে ধরা হয়। পরবর্তীতে এ বিষয়ে মুক্ত আলোচনা করে ৬টি উপজেলার সদস্যরা নিজ নিজ এলাকার অপরাধের বিষয়গুলি তুলে ধরেন।

উপস্থিত অতিথিবৃন্দ জেলার মানবাধিকার লংঘনের বিষয়ে আলোকপাত করেন এবং তা উত্তরণের বিষয়ে সুনির্দিষ্ট পরামর্শ দেওয়ার পাশাপাশি মানবাধিকার সুরক্ষায় নিজেদের সহযোগিতার আশ্বাস ব্যক্ত করেন।

ঝিনাইদহে জীববৈচিত্র সংরক্ষণের গুরুত্ব বিষয়ক জনসেচতনামুলক সভা

ঝিনাইদহে মাটি, পানি, বায়ু, শব্দদুষণ, প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ও জীববৈচিত্র সংরক্ষণের গুরুত্ব বিষয়ক জনসেচতনা মুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে জেলা পরিবেশ অধিদপ্তরের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মো: মুন্তাছির রহমাননের সভাপতিত্বে অনুষ্ঠানে এফএনএফ ফার্মাসিউটিক্যালস’র আনন্দ কুমার শীল, হোটেল মালিক সমিতির সহ-সভাপতি সাদিকুর রহমান, সধারণ সম্পাদক জাহাঙ্গির হোসেন, ক্লিনিক ডায়াগনস্টিক মালিক সমিতির সাধারণ সম্পাদক আবু জাফর ইকবাল, জামান জুট মিলসের প্রতিনিধি আব্দুল বাশের পলাশ, মেসার্স ফিউচার ভিশনের মনোয়ার হোসেন সারফ এগ্রো ইন্ডাট্রিজ’র লিগ্যাল এ্যাডভাইজার এম মনিরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, পরিবেশ রক্ষায় মাটি, পানি ও বায়ু দূষণ

নিয়ন্ত্রণের পাশাপাশি শব্দদূষণ ও প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার ওপর গুরুত্বারোপ করতে হবে। একই সঙ্গে বনজ, ভেষজ ও প্রাণবৈচিত্র্য সংরক্ষণে সকলের সম্মিলিত উদ্যোগ নেওয়া জরুরি। তারা আরও উল্লেখ করেন, পরিবেশের ভারসাম্য রক্ষা না হলে ভবিষ্যৎ প্রজন্ম মারাত্মক ঝুঁকির মুখে পড়বে।

সভায় পরিবেশ সংরক্ষণে সরকারি-বেসরকারি সহযোগিতার পাশাপাশি সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়ানোর ওপরও জোর দেওয়া হয়।

ঝিনাইদহে ভন্ড কবিরাজরের অ্যালুপ্যাথিক চিকিৎসা নিয়ে তোলপাড়

ঝিনাইদহ সদর উপজেলায় টিটু মালিথা নামে এক ভন্ড কবিরাজের উত্থান হয়েছে। সদর উপজেলার করাতিপাড়া গ্রামে নিজ বাড়িতে তিনি কবিরাজি চেম্বার খুলে নিয়মিত অ্যালুপ্যাথিক ওষুধ লিখে রোগীদের চিকিৎসা দিচ্ছেন। বাত-ব্যথা থেকে শুরু করে এমন কোন রোগ নেই যার চিকিৎসা তিনি করেন না। অথচ তার নেই কোন একাডেমিক শিক্ষা।

জানাগেছে, কয়েক বছর আগেও নুন আনতে পান্তা ফুরাতো ভন্ড কবিরাজ কাম ডাক্তার টিটু মালিথার। কবিরাজি শুরু করে তিনি এবছর বাড়িতে করেছেন দুই তলা বিল্ডিং। গোয়ালে এক পাল গরু, মাঠে গড়েছেন সম্পত্তি। বাড়িতে রেখেছেন কাজের মহিলা। তার হঠাৎ আঙ্গুল ফুলে কলাগাছ হওয়া নিয়ে গ্রামের বাসিন্দারও বিষ্মিত।

টিটু মালিথা এই করাতিপাড়া গ্রামের মৃত কটা মালিথার ছেলে। প্রতি সপ্তাহের শনিবার, মঙ্গলবার ও বৃহষ্পতিবার তিনি সিরিয়ালে রোগীদের তদবির দেন। জ্বিন তাড়াতে ৩ হাজার, জ্বিন বোতলে ভরতে ৫হাজার টাকা হাদিয়া নেন। তবে রোগী গেলেই প্রথম আসনে তাকে ৩৫০ টাকা হাদিয়া দিতে হয়। এরপর রোগের অবস্থা বুঝে ফিস নির্ধারণ করেন। প্রতিদিন তিনি ৭০ থেকে ৮০ জন রোগী দেখেন। তিনি কবিরাজ হলেও রোগীদের ওষুধ দেন অ্যালুপ্যাথিক। তার বাড়িতে অবস্থিত বেনামী ফার্মেসি থেকেই

[redacted]

[redacted]

ঝিনাইদহে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কর্মশালা

ঝিনাইদহের ৫ লাখ ৪৪ হাজার দরিদ্র ও অতিদরিদ্র পরিবারের সদস্যদের স্বাস্থ্য ও পুষ্টি সেবা নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এ কর্মশালার আয়োজন করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগভুক্ত সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।

কর্মশালায় জেলার স্বাস্থ্য বিভাগ, সরকারি প্রতিনিধি সদর হাসপাতালের শিশু, গাইনী চিকিৎসক ও এসডিএফের কর্মকর্তারা অংশ নেন।

এতে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহের সিভিল সার্জন ডা. কামরুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. মোস্তাফিজুর রহমান, এসডিএফ যশোর অঞ্চলের আঞ্চলিক পরিচালক মোহাম্মদ কামাল বাশার, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক আঞ্চলিক ব্যবস্থাপক কায়মুন আক্তার মুনা, জেলা ব্যবস্থাপক মাহমুদ হাসান এবং জেলা স্বাস্থ্য ও পুষ্টি কর্মকর্তা ডা. অনুদীপা রাণী।

দিনব্যাপী এই কর্মশালায় দরিদ্র ও অতিদরিদ্র পরিবারের জন্য সাশ্রয়ী স্বাস্থ্যসেবা সহজলভ্য করা, গর্ভকালীন মাতৃমৃত্যু ও শিশু অপুষ্টি হ্রাস, সংক্রামক রোগ প্রতিরোধ এবং সচেতনতামূলক কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়।

হরিণাকুণ্ডুতে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও ট্রাই

সাইকেল বিতরণ

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ১৩ জন প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও ট্রাই সাইকেল বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) বিকালে উপজেলা পরিষদের সামনে উপজেলার ৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভার মোট ১৩ জন প্রতিবন্ধীর মাঝে ১২ টি হুইল চেয়ার ও ১টি ট্রাই সাইকেল বিতরণ করা হয়।

বাংলাদেশ প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের অর্থায়ন ও উপজেলা প্রশাসনের আয়োজনে এই হুইল চেয়ার বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকু-◌ু উপজেলার নির্বাহী অফিসার বি.এম.তারিক-উজ-জামান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকু-ু উপজেলা সমাজ সেবা কর্মকর্তা শিউলি রাণী ও ঝিনাইদহ জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা তরিকুল ইসলাম।

এ ছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা ও উপজেলা পরিষদের অন্যান্য কর্মকর্তা ও উপকারভোগী ও তাদের অভিভাবকরা। হুইল চেয়ার পেয়ে প্রতিবন্ধীরা কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেণ।

ঝিনাইদহে সিএমএসএমই খাতে অর্থায়ন বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা

ঝিনাইদহে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প (সিএমএসএমই) খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন সম্প্রসারণ ও উদ্যোক্তাদের আর্থিক সেবা সহজলভ্য করতে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকালে শহরের ফুড সাফারি মিলনায়তনে জেলার সকল ব্যাংকের উদ্যোগে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, বাংলাদেশ ব্যাংকের খুলনা অফিসের পরিচালক জিএম কামালুজ্জামান কামাল। সভাপতিত্ব করেন, ব্যাংক

এশিয়ার পশ্চিমাঞ্চল-২ এর আঞ্চলিক প্রধান এস এম এমদাদুল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সোনালী ব্যাংক পিএলসি ঝিনাইদহ প্রিন্সিপাল অফিসের ডিজিএম মোহাম্মদ মিজানুর রহমান, জনতা ব্যাংক ঝিনাইদহ এরিয়া অফিসের ডিজিএম শহিদুল ইসলাম, অগ্রনী ব্যাংক ঝিনাইদহ আঞ্চলিক কার্যালয়ের ডিজিএম এস এম ইস্রাফিল হোসেন, বাংলাদেশ কৃষি ব্যাংক ঝিনাইদহ মুখ্য আঞ্চলিক কার্যালয়ের ডিজিএম জিয়াউর রহমান।

অনুষ্ঠান সার্বিক পরিচালনা করেন, ব্যাংক এশিয়া ঝিনাইদহ শাখার শাখা ব্যবস্থাপক এস এম ফিরোজ হায়দার। লীড ব্যাংক হিসেবে ব্যাংক এশিয়ার আয়োজনে এ কর্মশালায় ১৩০ জন উদ্যোক্তা ও ব্যাংকার অংশ নেয়।

বক্তারা বলেন, ক্লাস্টারভিত্তিক অর্থায়ন বাড়লে স্থানীয় উদ্যোক্তাদের ব্যবসায় সম্প্রসারণ সহজ হবে এবং কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে। একইসঙ্গে এ খাত দেশের অর্থনীতিকে আরও গতিশীল করবে।

ঝিনাইদহে অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় অবস্থিত ঐতিহাসিক প্রেমের উপাখ্যানখ্যাত শাহ গাজীকালু-চম্পাবতীর মাজার কমিটির বিরুদ্ধে অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন করা হয়েছে।

সোমবার (২২ সেপ্টেম্বর) সকালে উপজেলার বারবাজারের বাদুরগাছা গ্রামের মাজার প্রাঙ্গণে আয়োজিত সংবাদ সম্মেলন করেণ মাজার কমিটি। এতে লিখিত বক্তব্য পাঠ করেন মাজারের সভাপতি মোঃ মাহাবুবুর রহমান।

সেসময় কমিটির সিনিয়র সহ-সভাপতি মনিরুল ইসলাম, সাধারণ সম্পাদক আশিকুর রহমান, সহ-সাধারণ সম্পাদক আক্তার হোসেন, কোষাধ্যক্ষ

শফিকুল ইসলামসহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে জানানো হয়, একটি মহল সম্প্রতি মাজারের কমিটির বিরুদ্ধে অর্থ আত্মসাতের মিথ্যা অপপ্রচারে লিপ্ত হয়েছে। যার কোন ভিত্তি বা প্রমাণ নেয়।

কমিটির নেতৃবৃন্দ জানান, প্রতিবছর মাজারে দুটি বড় মাহফিল অনুষ্ঠিত হয়। একটি ফাল্গুন মাসে, অন্যটি ভাদ্র মাসে। সর্বশেষ আয়োজিত মাহফিলে বিভিন্ন খাত থেকে আয় হয়েছিল ৪ লাখ ৩৮ হাজার ১১৬ টাকা। এর মধ্যে ব্যয় হয়েছে ১ লাখ ৯২ হাজার ৯২০ টাকা। অবশিষ্ট ৩ লাখ ৩৮ হাজার ১১৬ টাকা বর্তমানে বারবাজার সোনালী ব্যাংকে জমা আছে। তাই প্রশ্ন থেকেই যায়-এখানে ১৫ লাখ টাকা আত্মসাতের অভিযোগ আসলো কীভাবে?

সংবাদ সম্মেলনে বক্তারা দাবি করেন, বিগত ১৭ বছর ধরে যারা মাজার কমিটি পরিচালনা করেছেন, তারা কখনোই আর্থিক হিসাব দেননি, এমনকি কোনো ব্যাংক হিসাবও খোলা হয়নি। অথচ বর্তমান কমিটি গঠিত হওয়ার পর থেকেই স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সব কার্যক্রম পরিচালিত হচ্ছে।